অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করেছেন গ্লোবাল জুয়েলারি জায়ান্ট প্যান্ডোরা উত্তর আমেরিকার সদর দপ্তরকে নিউ ইয়র্ক সিটিতে স্থানান্তরিত করেছে

6 মিলিয়ন মার্কিন ডলারের সদর দপ্তর প্যান্ডোরার দীর্ঘমেয়াদী বৃদ্ধির পরিকল্পনাকে সমর্থন করে

প্রকল্পটি 133টি নতুন পূর্ণ-সময়ের কর্মসংস্থানকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে গ্লোবাল জুয়েলারি প্রস্তুতকারক প্যান্ডোরা তার উত্তর আমেরিকার সদর দপ্তর নিউ ইয়র্ক সিটিতে স্থানান্তরিত করছে। প্যান্ডোরা, বিশ্বের বৃহত্তম জুয়েলারি ব্র্যান্ড, হাতে গড়া জুয়েলারি ডিজাইন, প্রস্তুত এবং বাজারে ছাড়ে যা 100 টিরও বেশি দেশে বিক্রি হয়। কোম্পানিটি টাইমস স্কয়ারে 1540 ব্রডওয়ের 36 তলায় 27,000 বর্গফুটের একটি অফিস জুড়ে তার উত্তর আমেরিকার সদর দপ্তর পরিচালনা করবে। 6 মিলিয়ন ডলার খরচ করে স্থান পরিবর্তন প্যান্ডোরাকে বিশ্বের বৃহত্তম বাণিজ্যিক বাজারগুলির মধ্যে একটিতে কাজ করার সুযোগ দেবে।

"নিউ ইয়র্ক সিটি রিটেল ইন্ডাস্ট্রিতে একটি রত্ন, তাই এতে অবাক হওয়ার কিছু নেই যে বিশ্বের বৃহত্তম জুয়েলারি ব্র্যান্ডটি এখানে তার উত্তর আমেরিকার সদর দপ্তর স্থানান্তর করার জন্য বেছে নিয়েছে," **গভর্নর হোকল বলেন।** "প্যান্ডোরা কেবল বিশ্বের বৃহত্তম বাণিজ্যিক বাজারগুলির মধ্যে একটিতে তার উপস্থিতির মাধ্যমেই উপকৃত হবে না, উপরন্তু একটি প্রতিভাবান কর্মীবল থেকে উপকৃত হবে যা তাদের চারুতার মতোই অনন্য। নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগ তৈরি করে সদর দপ্তরগুলিকে আমাদের সিটিতে স্বাগত জানাতে আমি উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটি, মার্কিন যুক্তরাষ্ট্রে বিশ্বের অন্যতম প্রধান কেনাকাটার গন্তব্যস্থলগুলির প্রাণকেন্দ্র। রিটেল সেক্টর, পার্শ্ববর্তী বাণিজ্যিক এলাকা থেকে ম্যানহাটনের মূল রিটেল করিডোর পর্যন্ত, নিউ ইয়র্ক সিটির অর্থনৈতিক সম্ভাবনার একটি গুরুত্বপূর্ণ অংশ। নিউ ইয়র্ক সিটিতে প্যান্ডোরার উত্তর আমেরিকার সদর দপ্তরের উদ্বোধন প্যান্ডোরার জন্য একটি কৌশলগত পরবর্তী অধ্যায় চিহ্নিত করে কারণ এটি মার্কিন যুক্তরাষ্ট্রে তার মার্কেট শেয়ার বৃদ্ধি এবং আয় দ্বিগুণ করতে চায়। নিউ ইয়র্ক সিটির সদর দপ্তরও প্যান্ডোরার বৃদ্ধির পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রতিভা নিয়োগের ক্ষমতা বাড়ায়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কোম্পানির নিয়োগের লক্ষ্যগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ, পারফরম্যান্স-ভিত্তিক এক্সেলসিয়র জবস প্রোগ্রাম (Excelsior Jobs Program) ট্যাক্স ক্রেডিটগুলিতে 1.5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করে প্রকল্পটিকে সমর্থন করছে। এটি বিক্রয়, পণ্যদ্রব্য, বিপণন, অর্থ, মানব সম্পদ, ডিজিটাল এবং ই-কমার্স, রিয়েল এস্টেট, আইনী এবং অপারেশন সহ বিভিন্ন দল জুড়ে 133 টি নতুন পূর্ণ-সময়ের কর্মসংস্থান তৈরিতে সহায়তা করবে। আগামী কয়েক মাসের মধ্যে, কোম্পানিটি ম্যানহাটন, ব্রুকলিন, কুইন্স এবং ব্রঙ্কস জুড়ে তার বর্তমান নয়টি অবস্থানে তিনটি নতুন স্টোর যোগ করার পরিকল্পনা করছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রেসিডেন্ট, সিইও এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক সিটিতে প্যান্ডোরার স্থানান্তর এই অঞ্চলের রিটেল ইন্ডাস্ট্রি এবং কর্মীবলের শক্তি এবং প্রতিভাকে প্রমাণিত করে। নিউ ইয়র্কের বাণিজ্যিক বাজার এবং বৈচিত্র্যময় প্রতিভা প্যান্ডোরার জন্য একটি উজ্জ্বল ভবিষ্যত নিশ্চিত করার অত্যাবশ্যক সংযোগ। আমরা তাদের নতুন উত্তর আমেরিকার সদর দপ্তরকে সমর্থন করতে পেরে গর্বিত, যা বিশ্বের রিটেলের রাজধানীতে নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক শক্তি যোগ করবে।"

নিউ ইয়র্ক সিটির আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Regional Economic Development Council) সহ-সভাপতি, ফিশার ব্রাদার্স (Fisher Brothers)-এর অংশীদার উইনস্টন ফিশার, এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (City University of New York) চ্যান্সেলর ফেলিক্স ভি. মাতোস রডরিগেজ বলেন, "নিউ ইয়র্ক সিটির প্রতিভাবান কর্মীবল আমাদের মুকুটের রত্ন এবং আমরা আত্মবিশ্বাসী যে প্যান্ডোরা এখানে যে নতুনত্ব এবং দক্ষতা খুঁজে পাবে তার জন্য তারা ধন্যবাদ দেবে। আমরা এই বিশ্বব্যাপী বিখ্যাত কোম্পানির সাথে অংশীদারিত্বকে স্বাগত জানাই, যাতে আমাদের আঞ্চলিক অর্থনীতির কেন্দ্রবিন্দুতে থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগ বৃদ্ধি পায়।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেছেন, "নিউ ইয়র্ক সিটি ঘুরে দাড়াচ্ছে না — আমরা ঘুরে দাড়াচ্ছি। এবং প্যান্ডোরা তার সদর দফতরের জন্য মিডটাউনের কেন্দ্রস্থলকে বেছে নিয়েছে যা আমরা কয়েক মাস ধরে যা বলছি তাকেই দেখায়: মানুষ বিশ্বের সবচেয়ে বড় সিটিতে থাকতে চায়। নিউ ইয়র্ক সিটিতে উন্নতমানের চাকরি এবং অর্থনৈতিক সুযোগ নিয়ে আসার ক্ষেত্রে তার কাজের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

প্যান্ডোরার উত্তর আমেরিকার প্রেসিডেন্ট লুসিয়ানো রোডেস্বুশ বলেন, "যেহেতু আমরা মার্কিন বাজারে আমাদের উচ্চাভিলাষী বৃদ্ধির পরিকল্পনা চালিয়ে যাচ্ছি তাই প্যান্ডোরার নিউ ইয়র্ক সদর দপ্তর, ব্র্যান্ডটির জন্য একটি মাইলফলক। প্যান্ডোরা নিউ ইয়র্কের রিটেল ইন্ডাস্ট্রিতে আমাদের বিনিয়োগ চালিয়ে যাওয়ার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা গর্বিত, অফিসটি নিউ ইয়র্ক সিটির নয়টি রিটেল লোকেশনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেট জুড়ে 30 টিরও বেশি রিটেল লোকেশনকে সংযুক্ত করেছে।"

1982 সালে প্রতিষ্ঠিত এবং ডেনমার্কের কোপেনহেগেনে সদর দপ্তর থাকা প্যান্ডোরা বিশ্বব্যাপী 26,000-এরও বেশি লোককে নিয়োগ করে এবং ডেনমার্কের নাসডাক কোপেনহেগেন স্টক এক্সচেঞ্জে সর্বজনীনভাবে তালিকাভুক্ত। 2021 সালে, প্যান্ডোরা বিক্রয়ের ক্ষেত্রে 1 বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করেছে এবং 51 শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে। নিউ ইয়র্ক স্টেটে, প্যান্ডোরার 26 টি নিজস্ব এবং পরিচালিত স্টোর এবং 6 টি ফ্র্যাঞ্চাইজি দেওয়া ব্র্যান্ডেড স্টোর রয়েছে এবং বর্তমানে প্রায় 500 জন রিটেল কর্মীকে নিয়োগ করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418